# 2021

( Held in 2022 )

BENGALI

( Elective )

Paper : 5.2

( Non-CBCS )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

ক—বিভাগ, খ—বিভাগ এবং গ—বিভাগ-এর যে কোনো একটি বিভাগ থেকে প্রশ্নের উত্তর দাও।

## ক—বিভাগ

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) রমেশ কোন্ কলেজে পড়াশোনা করত?

(খ) রমেশের হিন্দুস্থানি চাকরের নাম কী ছিল?

(গ) ঘোষাল বাড়ির গিন্নিমা কে?

(ঘ) কে ঘোষালদের কুঁয়াপুরের সম্পত্তি দান করেছিলেন ?

(ঙ) রমেশ রমাকে কী নামে ডাকত ?

(চ) নিতাইয়ের মাতামহের নাম কী ?

(ছ) বিপ্রপদ নিতাইকে কী বলে সম্বোধন করতেন ?

(জ) বসন্তের 'কালো-মাণিক' কে ?

(ঝ) "কালো কেশে রাঙা কুসুম হেরেছ কি _____ ?"

( শূন্যস্থান পূর্ণ করো )

(ঞ) "ওস্তাদ তুমি বাপের সমান তোমাকে করি মান্য।" 'ওস্তাদ'টি কে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "ভিতরে রন্ধনশালার কপাটের একপাশে একটি পঁচিশ-ছাব্বিশ বছরের বিধবা মেয়ে জড়সড় হইয়া পিছন ফিরিয়া দাঁড়াইয়া আছে এবং আর একটি প্রৌঢ়া রমণী তাহাকে আগলাইয়া দাঁড়াইয়া ক্রোধে চোখ-মুখ রক্তবর্ণ করিয়া চীৎকারে অগ্নিস্ফুলিঙ্গ বাহির করিতেছে।" এই প্রৌঢ়া ও বিধবা কে, লেখো।

(খ) কুঁয়াপুর গ্রামের হেডমাস্টারমশাই কত টাকা মাইনে নিতেন এবং তার বদলে কত টাকার রসিদ দিতেন ?

(গ) "তুই যা শুনেচিস সব মিথ্যে, যা জেনেচিস সব ভুল। কিন্তু এ অভিযোগের এইখানেই যেন সমাপ্তি হয়।" কে, কাকে একথা বলেছিলেন ?





(ঘ) "নিতাই এখন ভদ্র ভাষায় কথা বলিতে চেষ্টা করে।" এই ভদ্র ভাষার যে কোনো দুটি উদাহরণ দাও।

(ঙ) "রত্নাকর, ধর কবি হলেন, তারপর কি তোমার তিনি ডাকাতি করতেন, না মানুষ মারতেন?" বক্তা কে? কাকে তিনি একথা বলেছিলেন ?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) বাঁড়ুয্যেমশায়ের 'কলিকাতা-প্রবাস-ইতিহাস'টি কীরূপ ?

(খ) 'গড়' পুষ্করিণীর মাছ ধরার প্রসঙ্গটিতে রমেশের কী ধরনের চারিত্রিক বৈশিষ্ট্য প্রকাশিত হয়েছে তা আলোচনা করো।

(গ) কামিনীর মা চরিত্রটি আলোচনা করো।

(ঘ) 'কবি' উপন্যাসের 'ঠাকুরঝি' চরিত্রটি আলোচনা করো।

(ঙ) 'কবি' উপন্যাসের ঝুমুরদলের একটি সংক্ষিপ্ত বর্ণনা দাও।

(চ) 'কবি' উপন্যাসে বেনেমামার চায়ের দোকানের গুরুত্ব আলোচনা করো।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'পল্লীসমাজ' উপন্যাসের রমেশ চরিত্রটির বিশ্লেষণ করো।

(খ) 'পল্লীসমাজ' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) " 'পল্লীসমাজ' উপন্যাসের ভেতর একটা করুণ রসের ধারা বইলেও টাইপ চরিত্রগুলির মধ্য দিয়ে শরৎচন্দ্র হাস্যরসের ধারাও উন্মুক্ত করে দিয়েছেন।" উপযুক্ত দৃষ্টান্তযোগে মন্তব্যটি বিশ্লেষণ করো।

(ঘ) 'পল্লীসমাজ' উপন্যাসে প্রতিফলিত সমাজচিত্র আলোচনা করো।

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'কবি' উপন্যাসে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ছোটো একটি রেলওয়ে স্টেশনের চিত্র অঙ্কনে যে দক্ষতার পরিচয় দিয়েছেন তা ব্যক্ত করো।

(খ) দুর্দান্ত ডোম বংশের সন্তান নিতাইয়ের 'কবি' হয়ে ওঠার নেপথ্য কাহিনি বর্ণনা করো।

(গ) 'কবি' উপন্যাসে উত্তেজনাময় সুন্দরে-কুৎসিতে মিশ্রিত প্রতিবেশ রচনায় তারাশঙ্করের দক্ষতার পরিমাপ করো।

(ঘ) কাশীতে নিতাইয়ের নূতন মায়ের সঙ্গে সাক্ষাৎ ও তার কাশী ত্যাগের মধ্যবর্তী ঘটনা ও ভাবনাস্রোতের কথা তোমার নিজের ভাষায় ব্যক্ত করো।.

## খ—বিভাগ

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'ভারতবর্ষ' গল্পের লেখক কে?

(খ) 'সীমারেখার সীমা' গল্পের ছবির স্বামীর নাম কী?





(গ) আণ্ডাহল্ট স্টেশনের কাছ ঘেঁষে কাদের গ্রাম ছিল?

(ঘ) 'সারেঙ' গল্পের নাসিমের বাসস্থান কোন্ গ্রামে ছিল?

(ঙ) মোহন পণ্ডিতের আসল নাম কী?

(চ) প্রসাদী ডোম কত বছর জেল খেটেছিল?

(ছ) অঞ্জনগড়ের মাইনিং সিন্ডিকেটের চেয়ারম্যান কে ছিলেন?

(জ) "পাঁচটা টাকা লোন দাও তো বাবুজী। আসছে মাসে তাহলে তুমি পাবে ছ'টাকা আট আনা।" বক্তা কে?

(ঝ) স্টিফান হোরো পরবর্তীকালে কী নামে পরিচিত হয়েছিল?

(ঞ) 'অযান্ত্রিক' গল্পের বিমলের গাড়িটি কোন্ কোম্পানির ছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) 'সারেঙ' গল্পে স্টিমারের বেশ কয়েকজন কর্মচারীর নাম উল্লিখিত হয়েছে, তার মধ্যে দুজনের নাম উল্লেখ করো।

(খ) সাবিত্রীবালার দুই পুত্রের নাম কী?

(গ) "এক কুড়ির ওপর মহারাজের উপাধি।" অঞ্জনগড়ের মহারাজার অসংখ্য উপাধির যে কোনো দুটি উল্লেখ করো।

(ঘ) রতনলাল সুগার মিলের মালিকের দুটি চারিত্রিক বৈশিষ্ট্য উল্লেখ করো।

(ঙ) অঞ্জনগড়ের কূর্মী সমাজের নেতা কে ছিলেন? বহুদিন পর তিনি কোথা থেকে দেশে ফিরে এসেছিলেন?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) "নাসিমের দীক্ষা হল এতদিনে।" তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) "কাজটা একটু গর্হিত হয়েছিল, অস্বীকার করছেন না সতীনাথ, কিন্তু তাঁরও তো রক্তমাংসের শরীর।" এখানে কোন্ কাজের কথা বলা হয়েছে? প্রসঙ্গটি আলোচনা করো।

(গ) আন্ডাহল্ট স্টেশনের একটি বর্ণনা দাও।

(ঘ) 'ফসিল' গল্পের মি. মুখার্জী চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

(ঙ) পুরানো গাড়ি জগদ্দলের প্রতি বিমলের আন্তরিক ভালোবাসার পরিচয় দাও।

(চ) 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পের চিরকি মুরমু চরিত্রটির প্রাসঙ্গিকতা আলোচনা করো।





৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'ভোটার সাবিত্রীবালা' গল্পে প্রতিফলিত সমাজচিত্র সম্বন্ধে আলোচনা করো।

(খ) 'সীমারেখার সীমা' গল্পের ছবি চরিত্রটি বিশ্লেষণ করো।

(গ) 'গাছ' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

(ঘ) 'ভারতবর্ষ' গল্পের মাহাতোবুড়ো চরিত্রটি আলোচনা করো।

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'পরশুরামের কুঠার' গল্প অবলম্বনে ধনিয়ার জীবন-কাহিনি বিশ্লেষণ করো।

(খ) 'গোত্রান্তর' গল্পে প্রতিফলিত মধ্যবিত্ত শ্রেণির বিচ্যুতি ও স্বার্থপরতার বিবরণ দাও।

(গ) 'ফসিল' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

(ঘ) " 'অযান্ত্রিক' গল্পে যন্ত্রের মানবীকরণ ঘটেছে।" মন্তব্যটি বিশ্লেষণ করো।

## গ—বিভাগ

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'সাজাহান' নাটকটি কয়টি অঙ্কে বিভক্ত?

(খ) যশোবন্ত সিংহের পত্নীর নাম কী?

(গ) ঔরংজীব ও দারার পুত্ররা কোন্ স্থানে মিলিত হয়েছিল?

(ঘ) দিলদারের প্রকৃত নাম কী?

(ঙ) সোলেমানকে আশ্রয়দানকারী কাশ্মীররাজের নাম কী?

(চ) রহিমুদ্দির পিতার নাম কী?

(ছ) পিতৃমাতৃহীন ফুলজান কার বাড়িতে বড়ো হয়েছিল?

(জ) রহিম কোন্ অঞ্চলের স্কুলে পড়াশোনা করেছিল?

(ঝ) রহিম শহর থেকে কোন্ বাজনা কিনে এনেছিল?

(ঞ) "যুদ্ধের চাঁদা রাজার মাঙ্গন! প্রজার দ্যাওয়ার লাগে।" বক্তা কে?





২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) 'সাজাহান' নাটকে সাজাহান কন্যার নাম কী? সাজাহানের পুত্রদের ভ্রাতৃবিরোধে তিনি কার পক্ষ অবলম্বন করেছিলেন?

(খ) "আজ্ঞা কর্ব! সে দিন গিয়েছে সুলতানসাহেব; আজ ভিক্ষা কর্তে এসেছি।" কার উক্তি? এখানে 'সুলতানসাহেব' বলতে কাকে বোঝানো হয়েছে?

(গ) 'ধনধান্য পুষ্পভরা আমাদের এই বসুন্ধরা।' গানটি কারা গেয়েছিল? কার আগ্রহে তারা গানটি গেয়েছিল?

(ঘ) হাকিমুদ্দির নির্দেশে কুক্রা যে ডাকাতি করেছিল তাতে তার সঙ্গী কে কে ছিল?

(ঙ) রহিমের বন্ধু মহিম চৌধুরীর পুত্র কন্যা দুজনের নাম লেখো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'সাজাহান' নাটকের 'জয়সিংহ' চরিত্রটি আলোচনা করো।

(খ) "ঔরংজীব! এবার তোমার উত্থান না পতন? পতন? অসম্ভব। উত্থান? কিন্তু কি উপায়ে?" বক্তা কে? কী প্রসঙ্গে তিনি একথা বলেছেন, সংক্ষেপে আলোচনা করো।

(গ) "সে আমার পুত্র, আমার উদ্ধত পুত্র ; আমার লজ্জা—আমার গৌরব।" প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঘ) "মন কি মানে? খালি দলান আর দলান। রাইতে দিনে মাইনষের কলকলানি, গাড়ীর ঘড়ঘড়ানী, ঠ্যালা-ঠেলি দৌড়া-দৌড়ি।" এটি কোন্ শহরের বর্ণনা? সে শহর সম্পর্কে বক্তার অভিজ্ঞতা ব্যক্ত করো।

(ঙ) রহিমুদ্দি ফুলজানকে তালাক দিয়েছিল কেন? প্রসঙ্গটি আলোচনা করো।

(চ) 'ছেঁড়া তার' নাটকে ইসলাম ধর্মের বিধি-নিষেধ ও অনুশাসনের উল্লেখ ও প্রভাব সম্পর্কে আলোচনা করো।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) ট্র্যাজেডি নাটক হিসেবে 'সাজাহান'-এর সার্থকতা বিচার করো।

(খ) ঐতিহাসিক নাটক হিসেবে 'সাজাহান' নাটকটি কতখানি সার্থক হয়েছে তা আলোচনা করো।

(গ) 'সাজাহান' নাটক অবলম্বনে 'দারা' চরিত্রটি বিশ্লেষণ করো।

(ঘ) "ঔরংজীবের সূক্ষ্ম শাণিত বুদ্ধি বারবার জয়লাভ করিয়াছে বটে, কিন্তু তাঁহার সর্বশেষ জয় হইয়াছে হৃদয়বৃত্তির করুণ আবেদনে।" মন্তব্যটির যথার্থতা বিচার করো।





৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'ছেঁড়া তার' নাটকের 'ফুলজান' চরিত্রটি আলোচনা করো।

(খ) 'ছেঁড়া তার' নাটকে সংগীত-সন্নিবেশের সার্থকতা বিচার করো।

(গ) 'ছেঁড়া তার' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

(ঘ) 'ছেঁড়া তার' নাটকের রহিম চরিত্রের করুণ পরিণতি বর্ণনা করো।

★★★